

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
টাউন প্ল্যানিং
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.২৫

তারিখ: ১৪ কার্তিক ১৪২৬

৩০ অক্টোবর ২০১৯

বিষয়: ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ কর্তৃক উত্তরা এলাকায় পয়ঃশোধনাগার নির্মাণের লক্ষ্যে কমবেশী ৫৩.৭৫০৮ একর ভূমি ব্যবহারের ছাড়পত্র/অনাপত্তিপত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: ১। ওয়াসা-এর স্মারক নং: ৪৬.১১৩.৬৩০.০০.০০.০১৬.২০১৯-২০/২০; তারিখঃ ২৪/০৯/২০১৯ খ্রি:

২। ওয়াসা-এর স্মারক নং: ৪৬.১১৩.৬৩০.০০.০০.০২৩.২০১৯-২০/২৭; তারিখঃ ০৩/১০/২০১৯ খ্রি:

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ কর্তৃক উত্তরা এলাকায় পয়ঃশোধনাগার নির্মাণের লক্ষ্যে কমবেশী ৫৩.৭৫০৮ একর ভূমি ব্যবহারের ছাড়পত্র/অনাপত্তিপত্রপ্রদানের জন্য অত্র দপ্তরকে অনুরোধ করা হয়। ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ কর্তৃক উত্তরা এলাকায় পয়ঃশোধনাগার নির্মাণের লক্ষ্যে অত্র পত্রের সঙ্গে সংযুক্ত তফশিলভুক্ত কমবেশী ৫৩.৭৫০৮ একর জমি অধিগ্রহণের নিমিত্ত নগর উন্নয়ন অধিদপ্তর বরাবর অনুরোধ করা হয় (সংযুক্তি-১)।

সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে, চাহিতব্য ভূমির অধিকাংশ এলাকা ঢাকা জেলার তুরাগ থানাধীন ঢাকা শহর রক্ষা বেড়ী বাঁধ (গোড়ান চটবাড়ী) সংলগ্ন খউর ও নলভোগ মৌজায় অবস্থিত। সরেজমিন প্রতিবেদন আরো দেখা যায় যে, প্রস্তাবিত জমির খউর ও নলভোগ মৌজায় কয়েকটি এক তলা বিল্ডিং, একটি নির্মানাধীন তিন তলা ভবন, কিছু সেমি পাকা ঘর, কয়েকটি টিন সেট ও কাঁচা বসত বাড়ি, বিজিএমইএ বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠ, পোল্ট্রি মুরগির ফার্ম, একটি টং মুদিদোকান, কিছু বাউন্ডারী ওয়ালকৃত প্লট, একটি খাল ও বাকী জমিতে ৫-৬ ফুট গভীর পানি, কচুরি পানা ও কাঁশবন জাতীয় ঘাস রয়েছে। প্রস্তাবিত জমিতে কোন সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠান (যেমন- মসজিদ, মন্দির, গির্জা, কবরস্থান এবং শিক্ষা-প্রতিষ্ঠান ইত্যাদি) নাই (সংযুক্তি-২)।

Detailed Area Plan (DAP) পর্যালোচনায় দেখা যায় যে, চাহিতব্য জমির ভূমি ব্যবহার Overlay Zone, Urban Residential Zone and Waterbody হিসেবে বলা আছে। Landuse Permitted হিসেবে Utility Lines and Public Utility Stations & Sub-Stations এর কথা বলা আছে। এছাড়াও প্রস্তাবিত জায়গাটিতে WASA Sewage Treatment Plant-এর প্রস্তাবনা DAP এর ম্যাপে চিহ্নিত রয়েছে (সংযুক্তি-৩)।


এছাড়াও রিজিওন্যাল ম্যাপ পর্যালোচনায় দেখা যায় যে প্রস্তাবিত ভূমির পশ্চিম পাশে খাল, খালের উপর ব্রীজ, নীচু খালী জমি, ঢাকা শহর রক্ষা বেড়ী বাঁধ ও উত্তর পাশে ১০ ফুট চওড়া সেমি-পাকা রাস্তা, রাস্তা সংলগ্ন বসত বাড়ি গার্মেন্টস, শিল্প কারখানা, বিজিএমইএ বিশ্ববিদ্যালয় ও প্রস্তাবিত উত্তরা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস রয়েছে। পূর্বে ও দক্ষিণ পাশে আবাসিক বসত বাড়ি, মাইলস্টোন শিক্ষা প্রতিষ্ঠান স্কুল ও কলেজ, আবাসিক হল, নর্থ পয়েন্ট মাল্টিপারপাস আবাসিক এলাকা, মেট্রোরেল প্রকল্পের বিভিন্ন উপাদানসমূহ তৈরীর বিশাল কারখানা রয়েছে (সংযুক্তি-৪)।

উত্তরা আবাসিক এলাকা ও তৎসংলগ্ন এলাকায় পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ও পয়ঃশোধনাগার টি অত্র এলাকাসহ ঢাকা মহানগরীর পয়ঃবর্জ্য ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বিধায় বৃহত্তর জনস্বার্থে উক্ত পয়ঃশোধনাগার নির্মাণের জন্য জমি অধিগ্রহণের প্রয়োজন আছে। ফলশ্রুতিতে, নিম্ন-লিখিত শর্তসাপেক্ষে উক্ত জমি অধিগ্রহণে অত্র দপ্তরের কোন আপত্তি নাই এবং এই ছাড়পত্র জমির মালিকানা নির্ধারণ করে না।

- ১। রাজউক প্রস্তাবিত রাস্তাগুলোর ভবিষ্যৎ সম্প্রসারণ বিবেচনা করে পয়ঃশোধনাগারের রাস্তা সংলগ্ন সম্মুখ ভাগে পর্যাপ্ত জায়গা খালি রাখতে হবে এবং ডিজাইনে তা বিবেচনায় নিতে হবে।
- ২। পয়ঃশোধনাগারের বাউন্ডারীর চারপাশে উঁচু গাছসমৃদ্ধ **Plantation** এর ব্যবস্থা থাকতে হবে এবং হাঁটার রাস্তা/**Walkway** থাকতে হবে।
- ৩। **Plant** এর উভয় পাশের প্রয়োজ্য ক্ষেত্রে বিশেষ করে আবাসিক/বাণিজ্যিক এলাকায় **Visual Barrier** স্থাপন করতে হবে যাতে জনগণের **Privacy** নষ্ট না হয়।
- ৪। **Dumping Vehicle** এর জন্য আলাদা **parking**, পয়ঃশোধনাগারের **Odor nuisance** কমানো/এড়ানোর জন্য পয়ঃশোধনাগারে কর্মরতদের জন্য বিশ্রামাগার এবং **Toilet** এর ব্যবস্থা থাকতে হবে।
- ৫। নিজস্ব বিদ্যুৎ ব্যবস্থা থাকতে হবে।
- ৬। পয়ঃশোধনাগার হতে নিসৃত পানি যাতে কোনোভাবেই আশেপাশের জলাধারে পতিত না হতে পারে সে ব্যবস্থা থাকতে হবে।
- ৭। অতিবৃষ্টির পানি নিষ্কাশনের জন্য পর্যাপ্ত **Drainage** এর ব্যবস্থা রাখতে হবে।
- ৮। চতুর্দিকে **Fencing** এর ব্যবস্থা থাকতে হবে যাহাতে ভাগাড়ে বিচরণগামী পশু-পাখী প্রবেশ করতে না পারে।
- ৯। পয়ঃশোধনাগারের **Structure** সমূহ ভূমিকম্প সহনশীল হতে হবে।
- ১০। পয়ঃশোধনাগারটি **Critical Environment Zone** হিসেবে এলাকাটিকে চিহ্নিত করতে হবে।
- ১১। পয়ঃশোধনাগার সংশ্লিষ্ট সকল জায়গা সুরক্ষিত রাখতে হবে এবং প্রাকৃতিক সৌন্দর্য/পরিবেশ রক্ষার্থে অব্যবহৃত জায়গাগুলোতে **Plantation** এবং **Beautification** এর ব্যবস্থা নিতে হবে।
- ১২। পরিদর্শন/**Study Visit** এর জন্য ওয়াচ টাওয়ার এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় **Internal Road**-এর ব্যবস্থা রাখতে হবে।
- ১৩। রাজউক ও পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সকল শর্তসমূহ অনুসরণ করতে হবে।

সংযুক্তিঃ

১. তফসিলভুক্ত কমবেশী ৫৩.৭৫০৮ একর জমি।
২. সরেজমিনে প্রাপ্ত ভূমি ব্যবহার প্রতিবেদন।
৩. ড্যাপ পর্যালোচনা প্রতিবেদন।
৪. রিজিওনাল ম্যাপ।
৫. রাজউক-এর ছাড়পত্র।



৩০-১০-২০১৯

জনাব শাহীন আহম্মেদ

ব্যবস্থাপনা পরিচালক, পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন
কর্তৃপক্ষ ঢাকা ওয়াসা, ওয়াসা ভবন, ৯৮, কাজী নজরুল
ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।


সিনিয়র প্ল্যানার

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.২৫/১(৭)

তারিখ: ১৪ কার্তিক ১৪২৬
৩০ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৫) সিনিয়র প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) সহকারী প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৭) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



৩০-১০-২০১৯

মো: রাসেদুল ইসলাম
সহকারী প্ল্যানার